গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
যুব-০১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

স্মারক নম্বর:৩৪.০০.০০০০.০০০.০৫১.৬১.০০০২.২৬-৩২৪

তারিখ: ৩০ কার্তিক ১৪৩৩ বঙ্গাব্দ / ১৫ নভেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ

অনুদানের বিজ্ঞপ্তি

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের আওতায় **যুবকল্যাণ তহবিল** থেকে যুব সংগঠনসমূহকে আত্মকর্মসংস্থান ও দারিদ্র বিমোচনের উদ্যোগ হিসেবে প্রকল্প/কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে চলতি ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নোক্ত ০২টি ক্যাটাগরিতে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদানের নিমিত্ত উল্লিখিত নীতিমালা/শর্তাবলী অনুযায়ী অনলাইনের মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

১. অনুদানের ধরন:

❖ **বিশেষ ক্যাটাগরির ক্ষেত্রে**

ক. সারাদেশে উপযুক্ত ২০টি যুব সংগঠনকে আত্মকর্মসংস্থানমূলক প্রস্তাবিত প্রকল্পের কার্যক্রমের ব্যাপ্তি, গুরত্ব ও প্রভাব বিবেচনায় ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা পর্যন্ত প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান করা হবে।

❖ **সাধারণ ক্যাটাগরির ক্ষেত্রে**

ক. প্রতি জেলার সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত একটি যুব সংগঠনকে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা করে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান করা হবে।

খ. যোগ্যতা অর্জন সাপেক্ষে প্রতি উপজেলায় (মেট্রোপলিটন যুব ইউনিট কার্যালয়সহ) একটি যুব সংগঠনকে ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা করে প্রকল্পভিত্তিক অনুদান (প্রকল্প প্রণোদনা) প্রদান করা হবে।

২. উভয় ক্যাটাগরির জন্য আবেদনের নীতিমালা/শর্তাবলী নিম্নরূপ:

১) আবেদনকারী যুব সংগঠনকে আবশ্যিকভাবে দেশের বিদ্যমান আইন অনুযায়ী রেজিস্টার্ড/নিবন্ধনভুক্ত হতে হবে। এক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তরের স্বীকৃতিপ্রাপ্ত/নিবন্ধিত যুব সংগঠনকে অগ্রাধিকার দেয়া হবে।

২) উপানুষ্ঠানিক শিক্ষা, ঋণ, ধাত্রীবিদ্যার সাথে সম্পর্কিত প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি অনুদান প্রদানের ক্ষেত্রে বিবেচনা করা হবে না।

৩) প্রস্তাবিত প্রকল্প/কর্মসূচি/কার্যক্রম বাস্তবায়নের জন্য সম্ভাব্য মোট ব্যয়ের কমপক্ষে ২০% অর্থ সংগঠনের নিজস্ব তহবিল থেকে বহন করতে হবে।

৪) বিশেষ চাহিদাসম্পন্ন/প্রতিবন্ধী/হিজড়া ব্যক্তি দ্বারা পরিচালিত যুব সংগঠনকে অনুদান প্রদানের ক্ষেত্রে অগ্রাধিকার দেয়া হবে।

৫) আবেদনপত্রের নির্ধারিত ফরম অনলাইনে যথাযথভাবে পূরণপূর্বক দাখিলকৃত তথ্যাদির সমর্থনে প্রমাণাদি আপলোড করতে হবে।

৬) **যে সকল যুব সংগঠন বিবেচ্য অর্থবছরের পূর্ববর্তী তিন অর্থবছর (২০২৩-২০২৪, ২০২৪-২০২৫ ও ২০২৫-২০২৬) অনুদান পেয়েছে সে সকল যুব সংগঠন আবেদন করতে পারবে না।**

৭) যে সকল যুব সংগঠন ব্যক্তি ঋণ কার্যক্রমের সাথে সম্পৃক্ত বা এ বিষয়ে বেসরকারি কোনো প্রতিষ্ঠানের সাথে ঋণ কার্যক্রম পরিচালনায় চুক্তিবদ্ধ সে সকল যুব সংগঠন আবেদনের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।

৮) পশ্চাৎপদ এবং দারিদ্র্য মানচিত্র (Poverty Map) অনুযায়ী দারিদ্র্যপীড়িত এলাকার আবেদনকারী যুব সংগঠনকে অনুদান প্রদানে অগ্রাধিকার দেয়া হবে।

৯) ব্যাংক স্টেটমেন্ট, নিবন্ধন সনদ ও চাহিত অন্যান্য তথ্যাদির সাথে যুব সংগঠন রাষ্ট্র বা সমাজ বিরোধী কার্যক্রমের সাথে সম্পৃক্ত নয় মর্মে যাচাই-বাছাই ফরমের নির্ধারিত স্থানে উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা/ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তার প্রত্যয়ন থাকতে হবে।

১০) অনলাইন আবেদন ফরমের নির্ধারিত স্থানে- (ক) যুব উন্নয়ন অধিদপ্তরের আওতায় আবেদনকারী যুব সংগঠনের সদস্যদের প্রশিক্ষণপ্রাপ্ত বিবরণ (বয়স ১৮-৩৫ বছর), (খ) বাস্তবায়িত প্রকল্প/কার্যক্রম/কর্মসূচির আওতায় আত্মকর্মসংস্থানের তথ্য (গ) প্রশিক্ষণ, অনুদান সহায়তার মাধ্যমে যাদের দারিদ্র্য বিমোচন করা হয়েছে সে সম্পর্কিত তথ্য (ঘ) উদ্যোক্তা তৈরি সম্পর্কিত চাহিত তথ্যাদি।

পাতা/২

১১) যুব সংগঠনের কার্যক্রম; যেমন: (১) সামাজিক সচেতনতামূলক কার্যক্রম (যেমন-বাল্য বিবাহ প্রতিরোধ, প্রাকৃতিক দুর্যোগ মোকাবেলা, পরিষ্কার-পরিচ্ছন্নতা কার্যক্রম, যৌতুক বিরোধী কার্যক্রম, মাদক বিরোধী কার্যক্রম, মশক নিধন কার্যক্রম, নিরক্ষরতা দূরীকরণ, প্রশিক্ষণ, স্যানিটেশন কার্যক্রম) (২) যুবদের মূল্যবোধের উৎকর্ষ সাধন সম্পর্কিত কার্যক্রম (যেমন-স্বেচ্ছায় রক্তদান, পাঠাগার পরিচালনা, হতদরিদ্রদের সহায়তা ও শীতবস্ত্র বিতরণ, যুবদের নেতৃত্ব বিকাশ সাধন, বিশেষ চাহিদা সম্পন্নদের সেবা প্রদান, গর্ভবর্তী মহিলাদের স্বাস্থ্যসেবা প্রদান, মৃত ব্যক্তিদের সৎকারের ব্যবস্থা করা, বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক দিবস পালন) (৩) যুব সংগঠনের সামাজিক ক্ষেত্রে বিশেষ অবদান (যেমন- ক্রীড়া উন্নয়নে, সমাজসেবা ও জনকল্যাণে (জ্যেষ্ঠ ও অসহায়/দুঃস্থদের প্রতি আদর্শসেবা), বিজ্ঞান প্রযুক্তি ও কারিগরি ক্ষেত্রে, নারী ও শিশু উন্নয়নে, শিক্ষার উন্নয়ন ও প্রসার, পরিবেশ ও জলবায়ু পরিবর্তন এবং দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে, কলা ও সংস্কৃতিতে) [প্রতিটি কার্যক্রমের প্রমাণাদি হিসেবে জেলা/উপজেলা প্রশাসনের কর্মকর্তার উপস্থিতির ছবি (ক্যাপশনসহ) সংযুক্ত করতে হবে]।

১২) **নীতিমালার শর্তাদি বহির্ভূত প্রকল্প/প্রস্তাবনা/কার্যক্রম অনুদানের যোগ্য হিসেবে বিবেচিত হবে না।**

১৩) যুব সংগঠনসমূহকে অনুদান প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম বোর্ড কর্তৃক সংরক্ষিত।

৩। **নির্বাচিত যুব সংগঠনসমূহকে বরাদ্দকৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে EFT করা হবে।** এ জন্য আবেদন ফরমের নির্ধারিত স্থানে ব্যাংক স্টেটমেন্ট অনুযায়ী **সংগঠনের নাম** বাংলার পাশাপাশি **অবশ্যই ইংরেজিতে** লিখতে হবে। এছাড়া **সকল ডিজিট উল্লেখপূর্বক সংগঠনের সঠিক ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও শাখার নাম এবং রাউটিং নম্বরও ইংরেজিতে** লিখতে হবে।

৪। এই লিঙ্কে প্রবেশ করে **(যুবকল্যাণ তহবিল অনলাইন আবেদন)** অথবা সরাসরি **http://43.229.14.43/pindex.php** ব্রাউজ করে এবং একই লিঙ্কে প্রদত্ত **অনুদানের নীতিমালা** অনুসরণপূর্বক ক্যাটাগরি অনুযায়ী নির্ধারিত অনলাইন আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম অনলাইনে পূরণপূর্বক তৎসঙ্গে অনুচ্ছেদভিত্তিক চাহিত তথ্যাদি PDF আকারে আপলোড **(Upload)** করে **আগামী ১০ ডিসেম্বর ২০২৬ খ্রিষ্টাব্দ (২৫ অগ্রহায়ণ ১৪৩৩ বঙ্গাব্দ)** তারিখের মধ্যে দাখিল করতে হবে। **নির্ধারিত তারিখের পর অনলাইনে আবেদন দাখিল কার্যক্রম স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে। উল্লেখ্য, এ বিষয়ে দুইটি ক্যাটাগরির মধ্যে যে কোনো একটি মাত্র ক্যাটাগরিতে (সাধারণ অথবা বিশেষ) আবেদন করতে হবে।**

৫। যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়ের উপপরিচালক ও উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাগণের (মেট্রোপলিটন ইউনিট থানা যুব উন্নয়ন কর্মকর্তাসহ) সাথে যোগাযোগ করে সংশ্লিষ্ট বিষয়ে পরামর্শ নেয়া যেতে পারে। প্রযোজ্য ক্ষেত্রে যে কোনো তথ্য/পরামর্শ গ্রহণের জন্য ০১৭১৬২৩০৩৬৬ মোবাইল নম্বরে যোগাযোগ করা যেতে পারে।

১৫/১১/২৬

মোহাম্মদ উল্লাহ
উপসচিব